

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৩৩০০.০০০.১৪.০০৪.১৫. ২০১৬

তারিখঃ ০৫/০৫/২০১৬।


বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব বাজেটের আওতায় প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ গাজীপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-গজেপ/প্রশা/প্রশিক্ষণ-১৩২/১৫/৭৩, তারিখঃ ২/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরের গাজীপুর জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৩,৮০,০০০/- (তিন লক্ষ আশি হাজার) টাকায় গৃহীত লেদার টেকনোলজি প্রশিক্ষণ প্রকল্পটি নিম্নোক্ত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর, উপ পরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর, উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, গাজীপুর এর সম্মুখে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণ যেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবে না; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।


(জুবাহিদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাজীপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, গাজীপুর।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)